কাতারের মধ্যস্থতায় ইসরাইল-হামাস সমঝোতা

কাতারের মধ্যস্থতায় চলমান উত্তেজনা আপাতত নিরসনে সমঝোতায় পৌঁছেছে ইসরাইল এবং গাজার ফিলিস্তিনের স্বাধীনতাকামী সশস্ত্র সংগঠন হামাস।

কাতারের কাছ থেকে নগদ অর্থ সহায়তা এবং গাজার বিদ্যুৎকেন্দ্রে জ্বালানি সরবরাহে ইসরাইলি বাধা তুলে নেয়ার বিনিময়ে অন্তত এক মাসের জন্য শান্তি বজায় রাখতে সোমবার দুপক্ষে চুক্তি হয়েছে বলে জানিয়েছেন কর্মকর্তারা। খবর দ্য নিউইয়র্ক টাইমস, আলজাজিরা ও দ্য হারেৎজর।

গাজা উপত্যকা ফিলিস্তিনের ইসলামপন্থী শাসকগোষ্ঠী হামাসের নিয়ন্ত্রণে। ইসরাইল হামাসকে সন্ত্রাসীদের সংগঠন বলে বিবেচনা করে। বছরের পর বছর ধরে গাজায় হামাস ও ইসরাইলের মধ্যে হামলা- পাল্টাহামলা চলছে।

গত বেশ কয়েক সপ্তাহ ধরে উভয়পক্ষে হামলার তীব্রতা বেড়েছে। গাজা থেকে বেলুনে বিস্ফোরক পদার্থ বেঁধে তাতে আগুন ধরিয়ে ইসরাইলে পাঠিয়ে দেয়া হয়। গাজা থেকে ইসরাইলে একাধিকবার রকেট হামলাও চালানো হয়েছে। মাঝেমধ্যেই বিমান হামলা এবং ট্যাংক থেকে গাজার দিকে গোলা ছুড়ে তার জবাব দিচ্ছে ইসরাইল।

কাতারের দূত মোহাম্মদ আল ইমাদির উদ্যোগে সোমবার হামাস-ইসরাইল সমঝোতায় পৌঁছেছে। গাজার পুনর্গঠনের জন্য গঠিত কাতারের কমিটির নেতৃত্ব দিচ্ছেন তিনি।

চুক্তিতে হামাস পুনরায় বৃহৎ অর্থনৈতিক প্রকল্পগুলো এগিয়ে নেয়ার অঙ্গীকার করেছে। তবে এ বিষয়ে বিস্তারিত আর কিছু জানানো হয়নি। তবে গত সপ্তাহে হামাস সরকার বিদ্যুতের একটি বাড়তি লাইন এবং একটি নতুন শিল্পাঞ্চল গড়ে দেয়ার দাবি জানিয়েছে, যা হয়তো গাজার উচ্চ বেকারত্বের হার কমাতে সাহায্য করবে।

ওদিকে ইসরাইল বলেছে, তারা কেবল কেরেম শালুম সীমান্ত দিয়ে শুধু নিয়মিত কার্গোগুলোকে গাজায় যাতায়াত করতে দেবে। এ ছাড়া গাজার জেলেদের উপকূল থেকে ভূমধ্যসাগরের ১৫ নটিক্যাল মাইল এলাকার ভেতর

আবারও মাছ ধরার অনুমতি দেবে।

ইসরাইলি মিলিটারি এজেন্সির পক্ষ থেকে এক বিবৃতিতে বলা হয়েছে, যে সিদ্ধান্ত হয়েছে সেটি আসলে কতটা বাস্তবায়ন সম্ভব আগে সেই পরীক্ষা হবে।

যদি হামাস এবারও চুক্তির শর্ত মেনে চলতে ব্যর্থ হয়, তবে ইসরাইল তাদের বিরুদ্ধে যথানিয়মে ব্যবস্থা গ্রহণ করবে। সূত্র-যুগান্তর

নেপালকে ৫০ হাজার মেট্রিক টন সার দিচ্ছে বাংলাদেশ

মঙ্গলবার নেপালের প্রধানমন্ত্রী কে পি শর্মা ওলির সঙ্গে টেলিফোনে কথা বলার সময় এই প্রতিশ্রুত দিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

এসময় দুই নেতার মধ্যে দ্বিপক্ষীয় সম্পর্ক উন্নয়নে নানা দিক নিয়ে আলোচনা হয়। বিষয়টি নিশ্চিত করেছেন প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম।

এদিকে নেপালের পররাষ্ট্র মন্ত্রণালয় এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছে, ফোনালাপের সময় প্রধানমন্ত্রী ওলি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সরকার ও বাংলাদেশের জনগণকে আন্তরিক অভিনন্দন জানান।

দুই প্রধানমন্ত্রীই নেপালে বিদ্যুৎ উৎপাদন, গ্রিড সংযোগ এবং বিদ্যুৎ সরবরাহে সহযোগিতা, দুই দেশের মধ্যে বাধা-মুক্ত ও ভারসাম্যপূর্ণ বাণিজ্যের প্রচার,বাংলাদেশের মাধ্যমে নেপালের ট্রানজিট সুবিধার উন্নতিসহ বিভিন্ন স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে মতবিনিময় করেন।

খাদ্য উদ্বৃত্ত দেশে পরিণত হওয়ার ক্ষেত্রে বাংলাদেশের সাফল্যের জন্য প্রধানমন্ত্রী ওলি শেখ হাসিনাকে অভিনন্দন জানান। কৃষি

উৎপাদন বৃদ্ধির জন্য প্রচেষ্টা ভাগ করে নেয়ার বিষয়ে নেপালের প্রধানমন্ত্রী বলেন, নেপাল কৃষিক্ষেত্রে বাংলাদেশের সাফল্যের কাহিনী থেকে উপকৃত হতে পারে। তিনি ৫০ হাজার টন ইউরিয়া সার বাংলাদেশের কাছে সহায়তাও চান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই মৌসুমে নেপালে সার সরবরাহের জন্য প্রধানমন্ত্রী ওলির আবেদন ইতিবাচকভাবে গ্রহণ করেন।

পর্যটনের জন্য রহনপুর (বাংলাদেশ) হয়ে সিঙ্গাবাদ (ভারত) রেলপথটি নতুন করে চালু করার জন্য নেপালের প্রধানমন্ত্রী ওলি শেখ হাসিনাকে ধন্যবাদ জানান।

দুই প্রধানমন্ত্রী কোভিড-১৯ মহামারির বিরুদ্ধে লড়াই করার জন্য নিজ নিজ সরকার কর্তৃক যে প্রচেষ্টা চালিয়েছেন তার অভিজ্ঞতাও বিনিময় করেন এবং এই বিপর্যয় মোকাবেলায় সহযোগিতা জোরদার করতে সম্মত হন।

নেপালের প্রধানমন্ত্রী নেপালে রেমডেসিভির ইনজেকশন ও অন্যান্য প্রয়োজনীয় ওষুধ ও মেডিকেল রসদ সরবরাহের জন্য বাংলাদেশের প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান। সুত্র-যুগান্তর

আজ প্রণবের শেষকৃত্য, শ্রদ্ধা জানালেন মোদি

ভারতের সাবেক রাষ্ট্রপতি প্রয়াত প্রণব মুখার্জির শেষকৃত্য সম্পন্ন হবে আজ মঙ্গলবার। নয়াদিল্লিতে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন এই শেষকৃত্য। তার আগে দিল্লির রাজাজি মার্গে প্রেসিডেন্টের বাসভবনে রাখা হয়েছে মরদেহ।

সাবেক এই রাষ্ট্রপতির মরদেহের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন ভারতের বর্তমান রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিসহ দেশটির বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা।

দুপুর আড়াইটার দিকে দিল্লির লোদি রোড মহাশ্মশানে প্রণবের

শেষকৃত্য সম্পন্ন হওয়ার কথা রয়েছে।

গত ৯ আগস্ট দিল্লির রাজাজি মার্গে প্রেসিডেন্টের বাসভবনের বাথরুমে পড়ে গিয়ে মাথায় চোট পান প্রণব মুখার্জি। প্রায় তিন সপ্তাহ চিকিৎসাধীন থাকার পর সোমবার তার মৃত্যু হয়।

ভারতের ১৩তম এই রাষ্ট্রপতির মৃত্যুতে দেশটিতে সাত দিনের জাতীয় শোক ঘোষণা করা হয়েছে। মুক্তিযুদ্ধের অকৃত্রিম বন্ধু হিসেবে পরিচিত ভারতের প্রথম বাঙালি রাষ্ট্রপতির প্রয়াণে বাংলাদেশেও একদিনের শোক পালিত হচ্ছে আজ।

চিকিৎসাধীন থাকাকালীন প্রণব মুখার্জির করোনাভাইরাস পজিটিভ রিপোর্ট এসেছিল। যে কারণে তার শেষকৃত্য কোভিডের সমস্ত প্রোটোকল মেনে হবে বলে জানিয়েছে আনন্দবাজার। সামরিক সাঁজোয়া গাড়ির বদলে মরদেহ শ্মশানে নিয়ে যাওয়া হবে বিশেষ গাড়িতে।

রাজাজি রোডে প্রণবের বাসভবনে শ্রদ্ধা জানানোর জন্য রাখা হয়েছে তার একটি ছবি। সেই ছবিতেই ফুল দিয়ে শ্রদ্ধা জানান সবাই।

রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী ছাড়াও প্রয়াত রাষ্ট্রপতিকে শ্রদ্ধা জানিয়েছেন উপ-রাষ্ট্রপতি ভেঙ্কাইয়া নাইডু, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংহ, লোকসভার স্পিকার ওম বিড়লা, চিফ অব ডিফেন্স স্টাফ বিপিন রাওয়াত, সাবেক প্রধানমন্ত্রী মনমোহন সিং, কংগ্রেসের লোকসভার নেতা অধীর চৌধুরী, কংগ্রেস সাংসদ রাহুল গান্ধী, দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালসহ অনেক নেতাকর্মী ও সাধারণ মানুষ।

সূত্র- বিডি প্রতিদিন

ইসরায়েলি বিমানের আমিরাতে অবতরণ ভারী যন্ত্রণার:

ফিলিস্তিনি প্রধানমন্ত্রী

ফিলিস্তিনি প্রধানমন্ত্রী মোহাম্মদ আশতিয়াহ বলেছেন, ইসরায়েলি বিমানের আমিরাতে অবতরণ আমাদের জন্য ভারী যন্ত্রণার, আর যখন সেই ফ্লাইটের নাম হয় কিরয়াত ঘাট। এটা আরব-ইসরায়েল সংঘাতে আরবদের অবস্থানের স্পষ্ট লঙ্ঘন।

সোমবার রামাল্লায় সাপ্তাহিক মন্ত্রিসভার বৈঠকে তিনি বলেন, ইসরায়েল-আমিরাত সম্পর্ক স্বাভাবিকীকরণ আরব-ইসরায়েল সংঘাতে আরবদের অবস্থানের স্পষ্ট ও নির্লজ্জ লঙ্ঘন।

তিনি বলেন, ওই ফ্লাইটের নাম কিরয়াত ঘাট, যা দখল হওয়া ফিলিস্তিনি ভূখণ্ডে নির্মিত একটি অবৈধ ইসরায়েলি বসতির নামে।

তবে যেসব আরব দেশ ইসরায়েলের সঙ্গে সম্পর্ক স্বাভাবিক করতে অস্বীকৃতি জানিয়েছে, তাদের অভিবাদন জানান আশতিয়াহ। তিনি বলেন, কয়েকটি আরব দেশকে চাপ দিয়েও ব্যর্থ হয়েছেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মাইক পম্পেও।

তার মতে, এখন আমিরাতের বিমানও জেরুজালেমে অবতরণ করবে। আমরা এক কঠিন আরব যুগে বসবাস করছি।

সূত্র- বিডি-প্রতিদিন

গ্রিসে সভ্যতার এলাকায় দাবানল, সঙ্কটে ব্রোঞ্জ যুগের স্থাপত্য

গ্রিসে ব্রোঞ্জ যুগের স্থাপত্যশিল্প সঙ্কটের মুখে দাঁড়িয়ে। মাইসিনে সভ্যতার প্রত্ন নিদর্শন যে অঞ্চলে রয়েছে, সেখানে দাবানল লেগেছে গতকাল রবিবার (৩০ আগস্ট)। স্থানীয় সংবাদমাধ্যম সূত্রে খবর, মাইসিনের রাজা অ্যাগমেমনের সমাধিস্থলের কাছে প্রথম দাবানল

লাগে। ইতিহাসপ্রেমী মাত্রই পরিচিত এই নামটির সঙ্গে।

এখানেই ট্রয়ের যুদ্ধে প্রাণ হারিয়েছিলেন অ্যাগমেমন। দাবানলের লেলিহান শিখা তার সমাধিস্থল ছুঁয়ে ফেললেও দক্ষিণ পেলোপোনিস অঞ্চলের দমকল বাহিনীর কমান্ডার থ্যানাসিস কোলিভিরাস দাবি করেছেন, আগুন সমাধিস্থলের এলাকার ভিতরে ঢুকে শুধু কিছু শুকনো ঘাসই পুড়িয়েছে। মিউজিয়ামের ভিতর কোনও ক্ষতি হয়নি।

জানা গেছে, দাবানল মোকাবিলায় ইঞ্জিন ছাড়াও চারটি বিমান এবং দুটি হেলিকপ্টার থেকেও ছিটানো হচ্ছে পানি। প্রসঙ্গত, ১৩ বছর আগেও আধুনিক অলিম্পিক গেমসের জন্মস্থান অলিম্পিয়ার মন্দির এবং স্টেডিয়ামে আগুন লেগেছিল। তবে দক্ষতার সঙ্গে সেবার আগুন মোকাবিলা করেছিল গ্রিস।

প্রাচীন গ্রিসের ব্রোঞ্জ যুগের শেষ সভ্যতা, খ্রিস্টপূর্ব দ্বিতীয় দশকে বেড়ে ওঠা মাইসিনীয় সভ্যতা ছিল ভূমধ্য সাগরীয় অঞ্চলের অন্যতম সভ্যতার কেন্দ্র। এই সভ্যতার সময়কাল ছিল প্রায় ১৬০০-১০০০ খ্রিস্টপূর্ব। স্থাপত্য, প্রযুক্তি এবং সামরিক শিল্পে বহু নতুন আবিষ্কারের পীঠস্থান ছিল মাইসিনে। বিস্তীর্ণ অঞ্চলজুড়ে বাণিজ্য মাইসিনে অর্থনীতিতে জোয়ার আনে। লিনিয়ার বি অক্ষরে লেখা মাইসিনে সভ্যতাই ইন্দো-ইওরোপীয় ভাষার প্রথম লিখিত তথ্য।

সূত্র- বিডি-প্রতিদিন

ইমরান খানকে সরিয়ে রাহেল শরীফকে প্রধানমন্ত্রী বানাতে চায় সৌদি আরব!

পাকিস্তানের প্রধানমন্ত্রীর পদ থেকে ইমরান খানকে সরিয়ে দিতে চাইছে সৌদি আরব। তার বদলে দেশটির সেনাবাহিনীর সাবেক জেনারেলকে প্রধানমন্ত্রীর পদে বসাতে চায় সৌদি আরব। ব্রিটেন ভিত্তিক নিউ আরব নামের একটি সাইটে সম্প্রতি এ খবর প্রকাশ করা হয়েছে। তবে ওই

প্রতিবেদনে কারও মন্তব্য কিংবা সুস্পষ্ট সূত্রের কথা উল্লেখ করা হয়নি।

পাকিস্তানের ও ভারতীয় মিডিয়ায় প্রতিবেদন প্রকাশিত হয়েছে এমন দাবি করে নিউ আরবের ওই প্রতিবেদনে ওই খবরটি প্রকাশ করা হয়েছে। তাদের মতে, পাকিস্তানের প্রধানমন্ত্রীর পদে সৌদি নেতৃত্বাধীন ইসলামিক মিলিটারি অ্যালায়েন্স টু ফাইট টেরোরিজমের কমান্ডার জেনারেল রাহেল শরীফই সৌদির পছন্দের প্রার্থী।

পাকিস্তান ও সৌদি আরব সম্পর্ক বেশ গভীর। তবে কাশ্মীরের বিষয়ে সৌদির দৃশ্যমান কোনো প্রতিক্রিয়া না থাকায় এ সম্পর্কে তিক্ততা এসেছে বলে জানায় নিউ আরব নামের ওই সাইটটি।

উল্লেখ্য, গত সপ্তাহে ইমরান খান জানিয়েছেন, পাকিস্তানের সাথে সৌদির সম্পর্ক নষ্ট হয়নি। কাশ্মীর ইস্যুতে ইসলামিক সহযোগিতা সংস্থা (ওআইসি) এর পদক্ষেপ নেওয়া উচিত। কিন্তু ওআইসির নেতৃত্বস্থানীয় দেশ সৌদির নিজস্ব বৈদেশিক নীতি আছে। পাকিস্তান যা বলবে সৌদি আরব তাই করবে এটা তাদেরও আশা করা উচিত নয়।

সূত্র- বিডি প্রতিদিন

যে কারণে তিব্বতকে ‘দুর্ভেদ্য দুর্গ’ বানাতে চায় শি জিনপিং

‘শান্তিপূর্ণ মুক্তি’! সাত দশক আগে লাল ফৌজের তিব্বত দখল অভিযানকে এই ভাষাতেই চিহ্নিত করলেন চীনের প্রেসিডেন্ট শি জিনপিং। সেই সঙ্গে শনিবার তার ঘোষণা, সুস্থিতি বজায় রাখা, জাতীয় ঐক্য রক্ষা করা এবং বিচ্ছিন্নতাবাদী কার্যকলাপের মোকাবিলার উদ্দেশ্যে তিব্বতকে একটি দুর্ভেদ্য দুর্গে পরিণত করা হবে।

একদলীয় শাসনাধীন চীনের শাসকদল কমিউনিস্ট পার্টির নেতৃত্বের সঙ্গে বৈঠকে ১৯৫০ সালের অক্টোবরের গোড়ায় তিব্বত দখলের সাফাইও দিয়েছেন শি। তার যুক্তি, সামন্ততান্ত্রিক ব্যবস্থা থেকে তিব্বতের

জনগণকে মুক্তি দিতেই অভিযান চালিয়েছিল চীনা ফৌজ। যদিও ইতিহাস বলছে, দলাই লামা-সহ বৌদ্ধ ধর্মগুরুদের নিয়ন্ত্রণে থাকতে কখনওই বিক্ষোভ-আন্দোলন হয়নি তিব্বতে। একদা স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্রটিতে যাবতীয় অশান্তির সূত্রপাত হয়েছিল চীনা দখলদারির পরে।

‘সামন্ততন্ত্র’ থেকে তিব্বতকে মুক্ত করার দাবি করলেও, বেইজিং যে বৌদ্ধ আমজনতার মন জয় করতে পারেনি, শি জিনপিংয়ের বক্তৃতাতেই তার স্পষ্ট ইঙ্গিত মিলেছে। কমিউনিস্ট পার্টির নেতাদের তিনি বলেছেন, ‘তিব্বতের প্রতিটি যুবকের হৃদয়ের গভীরে চীনের প্রতি ভালবাসার বীজ রোপণ করতে হবে।’ আর সেই লক্ষ্যপূরণের পদ্ধতিও বাতলেছেন তিনি— ‘তিব্বতের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে রাজনৈতিক ও আদর্শগত শিক্ষাকে প্রাধান্য দিতে হবে।’

চীনের সরকারি সংবাদ সংস্থা শিনহুয়া এই খবর প্রচার করার পর থেকেই ‘সিঁদুরে মেঘ’ দেখছে আন্তর্জাতিক মানবাধিকার সংস্থাগুলো। তাদের আশঙ্কা, অধিকৃত শিনজিয়াংয়ে চীনা কমিউনিস্ট নেতৃত্ব যেভাবে ‘রাজনৈতিক শিক্ষা’র নামে উইঘুর মুসলিম যুবকদের বন্দি করে মগজধোলাই চালাচ্ছে, এবার তিব্বত স্বশাসিত অঞ্চলেও সেই নীতি বলবৎ হবে। কারণ, তাৎপর্যপূর্ণ ভাবে চীনা কমিউনিস্ট পার্টির সাধারণ সম্পাদক জিনপিং গতকাল বলেছেন, ‘বৌদ্ধধর্মকে এবার সমাজতন্ত্রের সঙ্গে খাপ খাইয়ে নিতে হবে।’

সাম্প্রতিক কালে একাধিক বার চীনা নিপীড়নের বিরুদ্ধে আন্দোলনে নেমেছেন তিব্বতিরা। লাল ফৌজ নির্মমভাবে তিব্বতিদের শান্তিপূর্ণ বিক্ষোভ দমন করেছে বলেও অভিযোগ উঠেছে। তিব্বত দখলের ৭০তম বর্ষপূর্তিতে চীনা প্রেসিডেন্টের এই মন্তব্য বেইজিং-ওয়াশিংটন সম্পর্কে নতুন টানাপড়েন সৃষ্টি করতে পারে বলে মনে করা হচ্ছে। গত মাসে মার্কিন বিদেশসচিব মাইক পম্পেয়ো জানিয়েছিলেন, অধিকৃত তিব্বতে মানবাধিকার লঙ্ঘন ও দমনপীড়নে অভিযুক্ত চীনা সরকারি আধিকারিকদের ভিসা দেওয়া হবে না। তার ওই মন্তব্যের কড়া প্রতিক্রিয়া জানিয়েছিল চীন। সূত্র: আনন্দবাজার পত্রিকা।

সূত্র- বিডি-প্রতিদিন

কমলাকে ট্রাম্পের খোঁচা, নারী প্রেসিডেন্ট হলে ইভাঙ্কাই সেরা

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প নির্বাচনী প্রচারে গিয়ে নিজের মেয়ের প্রশংসায় পঞ্চমুখ হলেন। যুক্তরাষ্ট্রে কোনো নারী প্রেসিডেন্ট হলে তার মেয়ে ইভাঙ্কাই হবেন সেরা বলে দাবি করেছেন তিনি। শুক্রবার নিউ হাম্পশায়ারে রিপাবলিকান পার্টির শোভাযাত্রায় গিয়ে হোয়াইট হাউসে দ্বিতীয় মেয়াদের প্রত্যাশী ট্রাম্প ডেমোক্রেটিক পার্টির ভাইস প্রেসিডেন্ট প্রার্থী কমলা হ্যারিসের সঙ্গে ইভাঙ্কার তুলনা করে একথা বলেন ট্রাম্প।

তিনি এসময় কমলা হ্যারিসকে (৫৫) নজিরবিহীন আক্রমণ করেন। জানা গেছে, কমলা এবার প্রেসিডেন্ট পদেই নির্বাচন করতে চেয়েছিলেন। তবে প্রার্থিতা জয়ের দলীয় লড়াইয়ে শুরুতেই বাদ পড়ে যান তিনি। পরে প্রেসিডেন্ট প্রার্থী জো বাইডেন তাকে রানিংমেট ঘোষণা করেন।

সেই প্রসঙ্গ তুলে ধরে ডেমোক্রেটিক পার্টির উদ্দেশ্যে ট্রাম্প বলেন, তারা এমন একজনকে ভাইস প্রেসিডেন্ট প্রার্থী বানিয়েছে, যার কোনো যোগ্যতাই নেই ভাইস প্রেসিডেন্ট হওয়ার। কারণ, সে আগেই ফেল করেছে। ডেমোক্রেটিক পার্টির প্রাইমারির আগেই তিনি ছিটকে পড়েছেন, পপুলার সমর্থনের অভাবে। তিনি আপনাদের প্রেসিডেন্ট হতেন, আমি সেটি মনে করি না।

ট্রাম্প বলেন, কেবল ভাইস প্রেসিডেন্ট নয়, যুক্তরাষ্ট্রে কোনো নারী প্রেসিডেন্ট আসুক, সেটি আমিও চাই। তবে কমলা হ্যারিসের প্রেসিডেন্ট হওয়ার মতো কোনো সক্ষমতাই নেই। সে তুলনায় আমার মেয়ে ইভাঙ্কা অনেক ভালো প্রার্থী। এসময় সমর্থকদের মধ্য থেকে কেউ ইভাঙ্কা বলে চিৎকার করলে ট্রাম্প সেদিকে তাকিয়ে বলেন, তারা সবাই বলছে, আমরা ইভাঙ্কাকে চাই। সূত্র : সিএনএন।

সূত্র- বিডি-প্রতিদিন

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]!

[redacted]